

প্রেস রিলিজ

১৬ জানুয়ারি ২০২৫

তৃতীয় লিঙ্গের শিক্ষার্থীদের ক্ষেত্রে বৈষম্যহীনতা, নিরাপত্তা ও সমানাধিকার প্রতিষ্ঠায় বাউবি প্রতিশ্রুতিবদ্ধ- উপাচার্য

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) তৃতীয় লিঙ্গের শিক্ষার্থী প্রতিনিধিরা আজ ১৬ জানুয়ারি ২০২৫ তারিখ বিকেল ৩ টায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এ বি এম ওবায়দুল ইসলাম সঙ্গে তাঁর ঢাকাস্থ কার্যালয়ে এক বিশেষ সৌজন্য সাক্ষাতে মিলিত হন।



এই সাক্ষাতের মাধ্যমে তিনি তৃতীয় লিঙ্গের শিক্ষার্থীদের শিক্ষাসংশ্লিষ্ট বিভিন্ন সমস্যা সম্পর্কে অবহিত হন এবং তাদের জন্য একটি সমন্বিত শিক্ষাব্যবস্থা নিশ্চিত করতে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে গৃহীত উদ্যোগের কথা তুলে ধরেন। উপাচার্য প্রফেসর ড. এ বি এম ওবায়দুল ইসলাম শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, "এখন থেকে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে শিক্ষা গ্রহণে আগ্রহী যেকোনো তৃতীয় লিঙ্গের নাগরিকেরা মর্যাদার সঙ্গে এবং বাঁধাহীন পরিবেশে শিক্ষাকার্যক্রম চালিয়ে যেতে পারবেন। শিক্ষা ক্ষেত্রে বৈষম্যহীনতা, নিরাপত্তা ও সমানাধিকার প্রতিষ্ঠায় বাউবি কর্তৃপক্ষ প্রতিশ্রুতিবদ্ধ। এছাড়া এই সাক্ষাতে তৃতীয় লিঙ্গের শিক্ষার্থীরা নিজেদের সামাজিক জীবনে যে সকল বৈষম্যের সম্মুখীন হন, তা তুলে ধরেন। তারা জানান, সমাজে নানা ধরনের বাধা ও বৈষম্য তাদের প্রতিদিনের জীবনযাত্রাকে প্রভাবিত করে। এর প্রেক্ষিতে উপাচার্য তাদের আশ্বস্ত করেন যে, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে তারা আর কোনো বিরূপ পরিস্থিতির শিকার হবেন না। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাদের জন্য একটি সহায়ক ও সম্মানজনক শিক্ষাব্যবস্থা নিশ্চিত করবেন। বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য প্রফেসর ড. সাঈদ ফেরদৌস তাঁর বক্তব্যে দেশের উন্নয়নে সকল লিঙ্গের জনগনকে এক হয়ে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন। এ সময় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোহা. শামীম রেজিস্ট্রার ড. মহা. শফিকুল আলম ঢাকা আঞ্চলিক কেন্দ্রের পরিচালক টি এম আহমেদ হুসেইন, মিডিয়া সেন্টার ঢাকা'র যুগ্ম পরিচালক সোহেল আহমেদ উপস্থিত ছিলেন। তৃতীয় লিঙ্গের প্রতিনিধি হিসেবে উপস্থিত ছিলেন, পার্বতী আহমেদ চেয়ারপারসন, সুস্থ জীবন, জোনাকি জোনাক- জেডার ফোকাল, সুস্থ জীবন, জয়া সিকদার সভাপতি, সম্পূর্ণা, এস শ্রাবস্তি CEO, সচেতন হিজড়া অধিকার যুব সংঘ, রবিউল ইসলাম সভাপতি, সচেতন হিজড়া অধিকার যুব সংঘ, সান্তনা, কমিউনিটি অর্গানাইজার, সম্পূর্ণা। অনুষ্ঠানে তৃতীয় লিঙ্গের প্রতিনিধি হিসেবে বক্তব্য প্রদান করেন জয়া সিকদার ও পার্বতী আহমেদ। অনুষ্ঠান শেষে তৃতীয় লিঙ্গের শিক্ষার্থীদের সম্মানে উপাচার্য কর্তৃক মধ্যাহ্নভোজের আয়োজন করা হয়। তৃতীয় লিঙ্গের সদস্যরা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের আন্তরিক সহায়তার জন্য ধন্যবাদ জানিয়ে তাদের কৃতজ্ঞতা প্রকাশ করেন। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় শিক্ষার ক্ষেত্রেও বৈষম্যহীনতা ও সমতা প্রতিষ্ঠায় প্রতিশ্রুতিবদ্ধ এবং ভবিষ্যতেও এই ধরনের উদ্যোগ অব্যাহত রাখবে।

মোঃ জাহাঙ্গীর হোসেন পাইক

উপ-পরিচালক

০১৭১৪৫০৫৭৪৭